দৈনিক ইত্তেফাক

(৬)

তারিখ ... ...FEB. 0-6-2000 ...
পৃষ্ঠা ৩৭ নাম ... ...

# রাজৈরে প্রাথমিক স্কুলগুলির ছাত্র-ছাত্রীরা এখনও বই পায় নাই

টেকেরহাট (মাদারীপুর) সংবাদদাতা ॥ রাজৈরে প্রাথমিক বিদ্যালয়গুলির ছাত্র-ছাত্রীদের হাতে এখনো বই পৌঁছায় নাই। ফলে তাহাদের লেখাপড়া ব্যাহত হইতেছে। জানা গিয়াছে, এখানকার ১৬৭টি স্কুলের প্রায় ৩৩ হাজার ছাত্র-ছাত্রীদের মধ্যে ৩ ফেব্রুয়ারী পর্যন্ত মাত্র কয়েকজন ছাত্র-ছাত্রীর মধ্যে কিছু বই বিতরণ করা হইয়াছে। ৫ম শ্রেণীর কোন বই-ই এখনো আসিয়া পৌঁছায় নাই। প্রথম শ্রেণীর বই অপ্রতুল/দ্বিতীয় শ্রেণীর ইংরেজী, অংক, তৃতীয় শ্রেণীর শতকরা ৫০ ও চতুর্থ শ্রেণীর শুধুমাত্র হিন্দু ধর্ম বই সরবরাহ আসিয়াছে।